গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা
www.sylhet.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৯১০০.০০৮.৪৪.০০৪.২৫. ৭৪৭

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৬

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩.১০৬ নম্বর স্মারকে “ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫” অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত ৪টি স্পটে অনুমতিপত্র গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিদের ০১ এপ্রিল ২০২৬ তারিখ হতে ১৬ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন উল্লিখিত ই-মেইলে (rdcsylhet1@gmail.com) আবেদন দাখিলের জন্য বলা হলো। আবেদনের সাথে নিম্নে উল্লিখিত সকল কাগজাদি স্ক্যান করে কপি সংযুক্তি আকারে প্রেরণ করতে হবে। তবে কোন কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূল কপি সরবরাহ করতে হবে।

| ক্রম | উপজেলার নাম | যে প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য (সংখ্যায়) | | সেবার নাম |
|---|---|---|---|---|
| | | ভূমি অফিসের নাম | সংখ্যা | |
| ১ | দক্ষিণ সুরমা | উপজেলা ভূমি অফিস, দক্ষিণ সুরমা | ১ | এলএফএসসি |
| ২ | বালাগঞ্জ | উপজেলা ভূমি অফিস, বালাগঞ্জ | ১ | |
| ৩ | বিশ্বনাথ | উপজেলা ভূমি অফিস, বিশ্বনাথ | ১ | |
| ৪ | কোম্পানীগঞ্জ | উপজেলা ভূমি অফিস, কোম্পানীগঞ্জ | ১ | |

### অনুমতিপত্র প্রাপ্তি ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:

১. আবেদনকারীকে ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীন নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দন্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০ সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীন নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদন ফরমে উল্লিখিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে;

১৩. একটি অনুমতিপত্র দ্বারা একটির অধিক এলএসএফসি পরিচালনা করা যাবে না;

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০ হাজার টাকা, সিটি কর্পোরেশন ও সাভার পৌরসভা এলাকা ব্যতীত সকল পৌর এলাকার জন্য ০১ (এক) লক্ষ টাকা এবং সিটি কর্পোরেশন ও সাভার পৌর এলাকার জন্য ০১ (এক) লক্ষ ৫০ হাজার টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে;

১৫. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে, জেলা প্রশাসক মেয়াদপূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

১৬. ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী প্রতিপালিত হবে।

২৯/০৩/২৬

মোঃ রাকিবুল আলম
রেভিনিউ ডেপুটি কালেক্টর
সিলেট
ফোন: ০১৭৩০ ৩৩১০১৯
ই-মেইল: rdcsylhet1@gmail.com

স্মারক নম্বর- ০৫.৪৬.৯১০০.০০৮.৪৪.০০৪.২৫. ৭৪৭/১(২০)

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ / ২৯ মার্চ ২০২৬

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা;
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ;
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট;
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট;
০৬। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট (সকল) [ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ];
০৭। সহকারী কমিশনার (ভূমি), সিলেট (সকল) [ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ];
০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট [বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদর্শনের ব্যবস্থাকরণ];
০৯। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট [জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য];
১০। অফিস কপি।

২৯/০৩/২৬

মোঃ রাকিবুল আলম
রেভিনিউ ডেপুটি কালেক্টর